# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৮৯

২৪/ দাস মুক্তি (كتاب العتق)

পরিচ্ছেদঃ ২. মুকাতিব দাসের চুক্তিভংগ হওয়ার পর তা বিক্রি সম্পর্কে।

باب فِي بَيْعِ الْمُكَاتَبِ إِذَا فُسِخَتِ الْكِتَابَةُ

---

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا وُهَيْبٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، ـ رضى الله عنها ـ قَالَتْ جَاءَتْ بَرِيرَةُ لِتَسْتَعِينَ فِي كِتَابَتِهَا فَقَالَتْ إِنِّي كَاتَبْتُ أَهْلِي عَلَى تِسْعِ أَوَاقٍ فِي كُلِّ عَامٍ أُوقِيَّةٌ فَأَعِينِينِي . فَقَالَتْ إِنْ أَحَبَّ أَهْلُكِ أَنْ أَعُدَّهَا عَدَّةً وَاحِدَةً وَأُعْتِقَكِ وَيَكُونَ وَلاَؤُكِ لِي فَعَلْتُ . فَذَهَبَتْ إِلَى أَهْلِهَا وَسَاقَ الْحَدِيثَ نَحْوَ الزُّهْرِيِّ زَادَ فِي كَلاَمِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي آخِرِهِ " مَا بَالُ رِجَالٍ يَقُولُ أَحَدُهُمْ أَعْتِقْ يَا فُلاَنُ وَالْوَلاَءُ لِي إِنَّمَا الْوَلاَءُ لِمَنْ أَعْتَقَ " .

বাংলা

৩৮৮৯. মূসা ইবন ইসমাইল (রহঃ) .... আইশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা বারীরা (রাঃ) তাঁর মুক্তিপণের টাকার সাহায্যের জন্য এসে বলে যে, আমার মনিব আমার সাথে নয় ওকিয়ার বিনিময়ে মক্তিদানের লক্ষ্যে এরূপ চুক্তি করেছেন যে, আমি প্রতি বছর এক আওকিয়া পরিশোধ করবে। কাজেই, এব্যাপারে আপনি আমায় সাহায্য করুন। তখন আইশা (রাঃ) বলেনঃ তোমার মনিব রাযী হলে আমি তোমার দেয়া সমস্ত টাকা এক সাথে পরিশোধ করে দেব, তবে শর্ত হলো, তোমার পরিত্যক্ত সম্পদের মালিকানা হবে আমার। তখন বারীরা (রাঃ) এ ব্যাপারে তাঁর মনিবের সাথে আলোচনা করেন।

রাবী, যুহরী (রহঃ) হাদীছের অনুরূপ হাদীছ বর্ণনা করেন এবং শেষে এরূপ বলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকদের কি হয়েছে যে, তারা অন্যকে বলে মুক্তিপণ দেওয়ার জন্য, আর সে নিজেই তার পরিত্যাক্ত সম্পদের দাবী করে! বস্তুত দাসের পরিত্যাক্ত সম্পদের মালিক সে, যে তাকে মুক্ত করে।

## English

'Aishah said:
Barirah came seeking my help to purchase her freedom. She said: I have

arranged with my people to buy my freedom for nine 'uqiyahs: one to be paid annually. So help me. She ('Aishah) said: If your people are willing that I should count them ('uqiyahs) out to them all at one time and set you free and that I shall have the right to inherit from you, I shall do so. She then went to her people. The narrator then transmitted the rest of the tradition like the version of al-Zuhri. He added to the wordings of the Prophet (ﷺ) in the last: What is the matter with people that one of you says: Set free, O so-and-so, and the right of inheritance belongs to me. The right of inheritance belongs to the one who has set a person free.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন